২০২৫

# বাংলা

[এ্যাবিলিটি এনহ্যান্সমেন্ট কোর্স (AEC)(MIL)]

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-AEC(MIL)-T-1

(ধ্বনি ও ধ্বনি পরিবর্তন, সন্ধি, প্রত্যয়, পদ ও পদ পরিবর্তন, কারক ও বিভক্তি, সমাস, ক্রিয়ার কাল, বাক্য ও বাচ্য, শব্দার্থ পরিবর্তন, শব্দভাণ্ডার)

[NEP-2020]

**SET–I**

পূর্ণমান : ৪০ সময় : ৯০ মিনিট

## নির্দেশাবলী

- প্রত্যেক পরীক্ষার্থীকে একটি প্রশ্নোত্তর সম্বলিত পুস্তিকা দেওয়া হবে।
- এই পুস্তিকাটিতে ২৫টি বহু বিকল্পভিত্তিক প্রশ্ন থাকবে। প্রতিটির মান ২। পরীক্ষার্থীকে কুড়িটি (২০) প্রশ্নের বিকল্প উত্তরটির পাশে নির্দিষ্ট স্থানে টিক (√) চিহ্ন দ্বারা উত্তর দিতে হবে।
- পরীক্ষার্থী অবশ্যই তার রেজিস্ট্রেশন নম্বর, বর্ষ ও রোল নম্বর প্রদত্ত স্থানে লিখবে।
- নির্দিষ্ট স্থান ছাড়া উত্তরপত্রে আর কোন রকম দাগ না দেওয়াই বাঞ্ছনীয়।
- পরীক্ষার শেষে প্রশ্নোত্তর পুস্তিকাটি অবশ্যই পরিদর্শকের নিকট জমা করবে।

রেজিস্ট্রেশন নম্বর ________ বর্ষ ____

রোল নম্বর ________

পরিদর্শকের স্বাক্ষর ________

[পরের পাতায়]

সঠিক বিকল্পটি নির্বাচন করে পাশে নির্দিষ্ট বক্সে টিক (√) চিহ্ন দিয়ে যে-কোনো কুড়িটি (২০) প্রশ্নের উত্তর দাও: ২×২০=৪০

১। কোনটি মধ্যস্বরাগমের দৃষ্টান্ত?

ক) গামছা ☐

খ) ইঁদুর ☐

গ) স্টেশন ☐

ঘ) ভকতি ☐

২। ধ্বনি পরিবর্তনের রীতিগুলির অন্তর্গত অপিনিহিতের পরের পর্যায়টি হল—

ক) স্বরসঙ্গতি ☐

খ) সমীভবন ☐

গ) অভিশ্রুতি ☐

ঘ) বর্ণবিপর্যয় ☐

৩। বাংলা কারকে অকারক পদের সংখ্যা ক'টি?

ক) দুটি ☐

খ) একটি ☐

গ) তিনটি ☐

ঘ) চারটি ☐

৪। বাক্য নির্মাণের তিনটি শর্ত হল —

ক) যোগ্যতা, সততা ও আকাঙ্ক্ষা ☐

খ) সততা, আকাঙ্ক্ষা ও আপেক্ষিকতা ☐

গ) যোগ্যতা, আকাঙ্ক্ষা ও আসত্তি ☐

ঘ) আসত্তি, যোগ্যতা ও সততা ☐

৫। কোনটি তৎসম শব্দের দৃষ্টান্ত নয়?

ক) কৃষ্ণ ☐

খ) নিমন্ত্রণ ☐

গ) পিতা ☐

ঘ) গিন্নি ☐

[পরের পাতায়]

৬। কর্তার সঙ্গে ক্রিয়ার সরাসরি সম্পর্ক থাকে —

ক) কর্তৃবাচ্য ☐

খ) কর্মবাচ্য ☐

গ) ভাববাচ্য ☐

ঘ) কর্মকর্তৃবাচ্য ☐

৭। কারক শব্দের ব্যুৎপত্তি হল —

ক) √কৃ+অক ☐

খ) √কৃ+নক ☐

গ) কৃ+অক ☐

ঘ) কৃ+নক ☐

৮। "উৎসবের বাজনা বাজছে" — রেখাঙ্কিত অংশটি হল —

ক) সহযোগী কর্তা ☐

খ) সমধাতুজ কর্তা ☐

গ) সমধাতুজ কর্ম ☐

ঘ) উহ্য কর্তা ☐

৯। কোনটি অনুকার শব্দের দৃষ্টান্ত?

ক) পলান্ন ☐

খ) জলটল ☐

গ) পরিবার ☐

ঘ) পালক ☐

১০। যে সকল পদ মিলিত হয়ে সমাস নির্মাণ করে তাকে বলে —

ক) ব্যাসবাক্য ☐

খ) সমস্যমান পদ ☐

গ) সমস্তপদ ☐

ঘ) সমাস ☐

১১। নরকে গমন করে যে > নরকগামী — কোন সমাস?

ক) কর্ম তৎপুরুষ ☐

খ) নিমিত তৎপুরুষ ☐

গ) উপপদ তৎপুরুষ ☐

ঘ) ব্যাপ্তি তৎপুরুষ ☐

১২। শব্দার্থ পরিবর্তনের ধারা ক'টি?

ক) একটি ☐

খ) তিনটি ☐

গ) পাঁচটি ☐

ঘ) ছয়টি ☐

১৩। 'সরোবর' শব্দটি কোন ধারার দৃষ্টান্ত?

ক) অর্থপ্রসার ☐

খ) অর্থ সংকোচ ☐

গ) অর্থ উৎকর্ষ ☐

ঘ) অর্থ অপকর্ষ ☐

১৪। "লোকটি কী <u>ঘুমই</u> না ঘুমালো" — রেখাঙ্কিত পদটির কারক হল—

ক) অনুক্ত কর্ম ☐

খ) সমধাতুজ কর্ম ☐

গ) বাক্যাংশ কর্ম ☐

ঘ) কর্মের বীপ্সা ☐

১৫। 'কবর', 'আতর' — শব্দ দুটির উৎস কী?

ক) আরবি ☐

খ) ফারসি ☐

গ) তুর্কি ☐

ঘ) গ্রীক ☐

*[পরের পাতায়]*

১৬। অলাবু > লাউ — কিসের দৃষ্টান্ত?

ক) মধ্য স্বরাগম ☐

খ) আদি স্বরলোপ ☐

গ) অন্ত্যস্বর লোপ ☐

ঘ) মধ্যস্বর লোপ ☐

১৭। ধোঁয়াশা কী জাতীয় শব্দ?

ক) ভুয়া শব্দ ☐

খ) জোড়কলম শব্দ ☐

গ) বিদেশি শব্দ ☐

ঘ) নবগঠিত শব্দ ☐

১৮। আমি <u>রাজধর্মে</u> পতিত হইব — কোন কারক?

ক) কর্ম কারক ☐

খ) অপাদান কারক ☐

গ) নিমিত্ত কারক ☐

ঘ) অধিকরণ কারক ☐

১৯। করণকারকে ব্যবহৃত অনুসর্গটি হল —

ক) দ্বারা ☐

খ) জন্য ☐

গ) থেকে ☐

ঘ) মাঝে ☐

২০। অভ্যুদয় শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

ক) অভু + উদয় ☐

খ) অভি + উদয় ☐

গ) অভ্য + উদয় ☐

ঘ) অভ্যু + উদয় ☐

২১। একঝাঁক পাখি বসেছে গাছের ডালে — রেখাঙ্কিত অংশটি কীসের দৃষ্টান্ত?

ক) ক্রিয়াবাচক বিশেষ্য ☐

খ) সমষ্টিবাচক বিশেষ্য ☐

গ) সামান্য বিশেষ্য ☐

ঘ) ভাববাচক বিশেষ্য ☐

২২। 'শোচনীয়' শব্দটির প্রকৃতি প্রত্যয় হল —

ক) শুচ্ + অনীয় ☐

খ) শো + অনীয় ☐

গ) শোচন + ইয় ☐

ঘ) শোচন + ঈয় ☐

২৩। কৃৎ প্রত্যয়ন্ত শব্দ হল —

ক) কৃদন্ত ☐

খ) তদ্ধিতান্ত ☐

গ) প্রাতিপদিক ☐

ঘ) ধাত্ববয়ব ☐

২৪। পদ্ম > পদ্দ — কোন রীতির দৃষ্টান্ত?

ক) সমীভবন ☐

খ) অভিশ্রুতি ☐

গ) বিষমীভবন ☐

ঘ) নাসিক্যি ভবন ☐

২৫। "আবার তোরা মানুষ হ" — কোন প্রকার বাক্য?

ক) আবেগসূচক ☐

খ) প্রার্থনাসূচক ☐

গ) অনুজ্ঞাসূচক ☐

ঘ) শর্তসাপেক্ষ ☐

---